

সিপিএসসিএম/প্রশা/১১০০

অত্র শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং বন্ধ প্রসঙ্গে।

বরাত :

- ক। সেনাসদর জিএস শাখা শিক্ষা পরিদপ্তর পত্র নং ১৬২৯/১/শিক্ষা-১ তারিখ ১৩ আগস্ট ২০০৫।
- খ। সেনাসদর জিএস শাখা শিক্ষা পরিদপ্তর পত্র নং ১৬২৯/১/শিক্ষা-১ তারিখ ০৬ এপ্রিল ২০০৬।
- গ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষা মন্ত্রণালয় পত্র নং শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪০১ তারিখ ২০ জুন ২০১২।
- ঘ। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ কার্যালয়ের পত্র নং জেসিঅ/ময়/১১৯৬ তারিখ ০৪ জুলাই ২০১২।
- ঙ। অত্র প্রতিষ্ঠানের স্থায়ী পরিচালনা নীতিমালা।
- চ। অধ্যক্ষের সভাপতিত্বে, উপাধ্যক্ষ, সহকারি প্রধান শিক্ষকসহ প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা তারিখ ১৯ এপ্রিল ২০১৯।

১। বরাত পত্রসমূহের প্রেক্ষিতে ও সর্বশেষ সরকারি নির্দেশনা অনুযায়ী এখন থেকে অত্র প্রতিষ্ঠানের স্কুল ও কলেজ শাখার শিক্ষকগণ প্রতিষ্ঠানের বাহিরে যে কোন ধরণের কোচিং/প্রাইভেট কার্যক্রম এর সাথে সম্পৃক্ত থাকতে পারবেন না। তবে অভিভাবকদের চাহিদার প্রেক্ষিতে অধ্যক্ষের অনুমতি সাপেক্ষে যে কোন বিষয় শিক্ষক প্রতিষ্ঠানের অভ্যন্তরে অতিরিক্ত ক্লাস এর ব্যবস্থা করতে পারবেন। সেক্ষেত্রে বরাত গ এর অনুচ্ছেদ-২ (খ) অনুযায়ী শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত ক্লাস ফি আদায় করা হবে।

২। উপরোক্ত বক্তব্যের আলোকে এখন হতে প্রতিষ্ঠানের বাহিরে অত্র প্রতিষ্ঠানের কোন শিক্ষকের কোচিং এর সাথে সম্পৃক্ততা পাওয়া গেলে তার বিরুদ্ধে বরাত পত্রসমূহ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। শুধুমাত্র উপাধ্যক্ষ এবং সহকারি প্রধান শিক্ষকের জন্য। আপনাদের অধীনস্থ শিক্ষকগণ কর্তৃক অনুচ্ছেদ ১ ও ২ এর কঠোর প্রতিপালন নিশ্চিত করতে অনুরোধ করা হলো। এতদসংশ্লিষ্ট কোন ব্যত্যয় গোচরীভূত হলে তা আপনাদেরকে যথাসময়ে অধ্যক্ষের নিকট লিখিত আকারে জানাতে হবে।

৪। বিষয়টি আপনাদের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।



মোহাম্মদ জালাল উদ্দীন
লেঃ কর্নেল
অধ্যক্ষ

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

.....

স্কুল ও কলেজ শাখার সকল শিক্ষক (বরাত গ এর কপি সংযুক্ত)

অবগতি :

উপাধ্যক্ষ
সহকারি প্রধান শিক্ষক
প্রশাসনিক কর্মকর্তা
টিচার্স কমন রুম (স্টাফ রুম)
নোটিশ বোর্ড
ওয়েবসাইট